দৈনিক বাংলা

তারিখ ... 02 MAR 1996 ...
পৃষ্ঠা .. ৭ কলাম ... ৫ ...

# সরকারী কর্মচারী ঃ শিক্ষা বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

সরকারী কর্মচারীদের সন্তান-সন্ততিদের ১৯৯৫-৯৬ সালের শিক্ষা বৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ডাক, তার ও দূরালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত থেকে বেতন গ্রহণকারী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড কর্মচারীদের প্রাথমিক শিক্ষা ব্যতীত যেকোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দুই) জন সন্তানকে এ শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। খবর তথ্য বিবরণীর।

কন্টিনজেন্সি এবং ওয়ার্কচার্জ কর্মচারীদের চাকরিকাল একনাগাড়ে ৫ বছর বা তার বেশী হলে তাঁরাও তাদের সন্তানদের শিক্ষা বৃত্তির জন্য আবেদন করতে পারবে।

আবেদনকারীর সম্প্রতি তোলা এবং অফিস প্রধান কর্তৃক সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আগামী ১৪ মার্চের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতরে পৌঁছাতে হবে। আবেদনকারীদের পূর্ববর্তী বার্ষিক নম্বরপত্রে প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে কমপক্ষে ৪০% নম্বর থাকতে হবে। মূল নম্বরপত্রের পরিবর্তে তার ফটোকপি বা অনুলিপি হলে তা অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার সত্যায়িত হতে হবে।

কর্মচারীগণ স্ব স্ব অফিসের মাধ্যমে দরখাস্ত করার পর পরিদফতরের ঢাকাস্থ কেন্দ্রীয় অফিস অথবা ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও বরিশাল বিভাগীয় অফিস অথবা জেলা প্রশাসকের অফিস থেকে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে ৪ টাকার ডাকটিকিট ও ঠিকানা সংবলিত ১০"×৫" সাইজের খাম প্রেরণ করে উক্ত ফরম সংগ্রহ করতে পারবেন।